

যদি আপনার সন্তানের হাসপাতালে যাওয়ার প্রয়োজন হয় সেইক্ষেত্রে কী প্রত্যাশা করবেন

হাঁপানিতে আক্রান্ত বেশিরভাগ শিশুর হাসপাতালে যাওয়ার দরকার হয় না, তবে যদি আপনার সন্তানের খুব বেশি গুরুতর হাঁপানির আক্রমণ হয় এবং রু রিলিভার ইনহেলার যথেষ্ট ভাল কাজ করছে না বলে মনে হয়, তাহলে এটিই হতে পারে সেরা জায়গা।

হাসপাতালে পৌঁছানো

আপনার লোকাল হাসপাতাল কোথায় অবস্থিত তার উপর নির্ভর করে, আপনি দুর্ঘটনা এবং জরুরী বিভাগে (A&E) পৌঁছাতে পারেন অথবা আপনি সরাসরি শিশুদের মূল্যায়ন ইউনিটে যেতে পারেন। বেশিরভাগ হাসপাতালে একটি এলাকা থাকে যা স্নেফ খেলনাসহ শিশুদের জন্য নিবেদিত আর তাদের জন্য যারা অসুস্থ অবস্থায় থাকা শিশুদের সাথে খেলার জন্য প্রশিক্ষিত।

আপনার শিশু যেখানেই যাক না কেন, আসার পরেই তাকে ট্রাইয়েজ করা হবে। এর অর্থ হল স্টাফদের একজন সদস্য, সাধারণত একজন নার্স, আপনার শিশুকে পরীক্ষা করে দেখবেন এবং তারা কত দ্রুত শ্বাস নিচ্ছে এবং তাদের তাপমাত্রার মতো জিনিসগুলো পরিমাপ করে। এটি স্টাফদের জানতে সাহায্য করবে যে আপনার সন্তান কতটা অসুস্থ এবং কত দ্রুত তাকে দেখতে হবে। যদি তারা বেশি অসুস্থ হয়, তাহলে তাদের সরাসরি ওষুধ দেওয়া হতে পারে, এবং এমনকি এমন একটি এলাকায় স্থানান্তরিত করা যেতে পারে যেখানে আপনার সন্তানের যত্ন নেওয়ার জন্য আরো বেশি স্টাফ রয়েছে।

যদি আপনার সন্তান গুরুতরভাবে অসুস্থ না হয়, সেক্ষেত্রে তাকে ট্রাইয়েজের পরে তাকে কিছুক্ষণ অপেক্ষা করতে হতে পারে, তবে একজন ডাক্তার দেখবেন। ডাক্তার আপনাকে আপনার সন্তানের হাঁপানি সম্পর্কে প্রশ্ন জিজ্ঞেস করবেন এবং সেগুলো পরীক্ষা করে দেখবেন। ডাক্তার তখন সিদ্ধান্ত নিতে পারবেন আপনার সন্তানের জন্য সবচেয়ে ভালো চিকিৎসা কোনটি হবে।

হাসপাতালে অবস্থান করা

কখনও কখনও, ডাক্তার সিদ্ধান্ত নেবেন যে আপনার সন্তান যদি কিছু সময়ের জন্য হাসপাতালে থাকে তবে এটি সবচেয়ে বেশি ভাল হবে। আপনাকে একটি ওয়ার্ডের একটি বিছানায় অথবা একটি কিউবিকলে স্থানান্তরিত করা হবে। আপনার সন্তানকে নিয়মিত বিরতিতে 'পর্যবেক্ষণ' করা হবে। এর অর্থ হল তাদের শ্বাস-প্রশ্বাসের হার পরীক্ষা করার মতো ব্যাপারগুলো থাকবে এবং আপনার শিশু চিকিৎসায় সাড়া দিচ্ছে কিনা অথবা আরো চিকিৎসা (সাধারণত ইনহেলার অথবা নেবুলাইজার) দেওয়ার প্রয়োজন রয়েছে কিনা সেই সিদ্ধান্ত নিতে ডাক্তারদের সাহায্য করবে। এই পর্যবেক্ষণ এবং চিকিৎসা সাধারণত সারা রাত ধরে চলতে থাকে তবে নার্সরা যতটা সম্ভব আপনাকে এবং আপনার সন্তানকে কম বিরক্ত করার চেষ্টা করবেন।

হাসপাতালে থাকাকালীন, আপনার শিশুকে তাদের খাবার বেছে নেওয়ার জন্য মেন্যু দেওয়া হবে এবং তাদের বিরক্ত হওয়া বন্ধ করার জন্য গেম এবং ক্রিয়াকলাপ অফার করা হবে। তবে মনে রাখবেন, হাসপাতালে থাকার মানে হল সুস্থ হওয়া এবং বিশ্রাম নেওয়াও।

আপনার সন্তান ভালো হতে শুরু করলে, ডাক্তাররা ধীরে ধীরে ওষুধ কমাতে থাকবেন যতক্ষণ না তারা এমন একটি পর্যায়ে যায় যখন বাড়িতে যাওয়া নিরাপদ হয়।

বাসায় ফেরত যাওয়া

আপনার সন্তানের উন্নতি হওয়ার পরে, একটি সিদ্ধান্ত নেওয়া হবে যে তারা বাড়িতে যাওয়ার মতো যথেষ্ট ভাল হয়েছে কিনা। কখনও কখনও আপনার শিশু A&E-তে দেওয়া ওষুধের মাধ্যমে দ্রুত উন্নতি লাভ করবে এবং সেখান থেকে সরাসরি বাড়ি যেতে সক্ষম হতে পারবে।

আপনার সন্তান যখন বাড়িতে যাচ্ছে, তখন নিশ্চিত করুন যে:

- আপনি আপনার সন্তানের ওষুধের নিয়ে ঠিক কী করবেন তা বুঝতে পারেন, কিভাবে এটি নিরাপদে কমানো যায় এবং কোন লক্ষণগুলোর ব্যাপারে নজর রাখতে হবে যেগুলো ইঙ্গিত দিতে পারে যে তারা আরো খারাপ হচ্ছে এবং ডাক্তারের দ্বারা আরেকটি পর্যালোচনা করার প্রয়োজন রয়েছে।
- আপনার সন্তানের হাঁপানি নিয়ন্ত্রণের পর্যালোচনা হয়েছে এবং আপনি তাদের হাঁপানি সম্পর্কে আপনার থাকা যেকোনো উদ্বেগের বিষয়ে কথা বলার সুযোগ পেয়েছেন
- আপনার সন্তানের ইনহেলার নেওয়ার কৌশল পরীক্ষা করা হয়েছে
- আপনার সন্তানের হাঁপানি ব্যবস্থাপনা পরিকল্পনা আপডেট করা হয়েছে

ছাড়া পাওয়ার পর

আপনার শিশুকে তার সামগ্রিক হাঁপানি নিয়ন্ত্রণের জন্য হাসপাতালে দেখার 2-7 দিন পর অবশ্যই তাদের জিপির কাছ থেকে একটি পর্যালোচনা করাতে হবে এবং দেখতে হবে তাদের দৈনন্দিন চিকিৎসার পরিবর্তন করার দরকার রয়েছে কিনা।